

অধ্যক্ষ-উপাধ্যক্ষ পদে আবেদন শুরু

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৯:০৩, ১৭ ডিসেম্বর ২০২৩



মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ

দেশের বিভিন্ন অঞ্চলের সরকারি কলেজের অধ্যক্ষ ও উপাধ্যক্ষ পদে বদলি এবং পদায়ন পেতে আবেদন শুরু হবে আগামী ২০ ডিসেম্বর, যা চলবে ৩০ ডিসেম্বর পর্যন্ত।

UNIBOTS



রবিবার শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের উপসচিব (কলেজ-২) চৌধুরী সামিয়া ইয়াসমীনের সই করা অফিস আদেশ থেকে এ তথ্য জানা গেছে।

এতে বলা হয়, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের ১৪-২০ তম ব্যাচের সহযোগী অধ্যাপক ও অধ্যাপক পর্যায়ে আগ্রহী কর্মকর্তাদের ২৮টি কলেজে অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদে বদলি বা

পদায়নের জন্য আগামী ২০ ডিসেম্বর থেকে ৩০ ডিসেম্বর পর্যন্ত সময়ের মধ্যে ই-মেইলে (ds_coll@moedu.gov.bd) আবেদন পাঠানোর জন্য অনুরোধ করা হলো।